

## দক্ষিণ এশীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হবে ভারতে

৷ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ৷

নয়াদিল্লীতে অনুষ্ঠিত দক্ষিণ এশীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা সংক্রান্ত এক্সপার্ট গ্রুপের সভায় সার্ক অঞ্চলের বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন এবং সমমনা প্রতিষ্ঠানের প্রধানরা দক্ষিণ এশীয় বিশ্ববিদ্যালয়টি ভারতে প্রতিষ্ঠার ব্যাপারে একমত হয়েছেন। ভারতের বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর সুখদেও খোরাটের সভাপতিত্বে সভায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ডঃ এম আসাদুজ্জামান উপস্থিত ছিলেন। মঞ্জুরি কমিশন থেকে প্রেরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, এম আসাদুজ্জামান দক্ষিণ এশীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ব্যাপারে বলেছেন, এ বিশ্ববিদ্যালয়টি হার্ডহ্যাট এবং ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়ের মত প্রথম শ্রেণীর বিশ্ববিদ্যালয় হবে। সার্কভূক্ত সদস্য দেশসমূহ তাদের সাধ্যমত এ বিশ্ববিদ্যালয়ে অর্থের যোগান দিবে। তিনি আরো বলেন, এটি হবে আবাসিক বিশ্ববিদ্যালয় এবং শিক্ষার্থী হবে প্রধানত সার্ক অঞ্চলের। পবিত্র মেধাবী শিক্ষার্থীদের জন্য এ বিশ্ববিদ্যালয়ে বিনা বেতনে পড়ার সুযোগ থাকবে।

উল্লেখ্য, ২০০৫ সালে ঢাকায় অনুষ্ঠিত জয়েন্ট সার্ক শীর্ষ সম্মেলনে ভারতের প্রধানমন্ত্রী মনমোহন সিং সার্ক অঞ্চলে দক্ষিণ এশীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার বিষয়টি উল্লেখ করেন।